# ৪৪তম বিসিএস প্রিলিমিনারি ২০২২

তারিখ: ২৭ মে, ২০২২

## বাংলা থেকে আসা অতিরিক্ত প্রশ্নোত্তর

### সাধারণ জ্ঞান অংশ থেকে

**০১. "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি" - গানটি কে রচনা করেন?**

ক. মুনীর চৌধুরী খ. জহির রায়হান

গ. আবদুল গাফফার চৌধুরী ঘ. কাজী নজরুল ইসলাম

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩১* উত্তর: গ

**০২. কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে?**

ক. লাইবেরিয়া খ. নামিবিয়া

গ. হাইতি ঘ. সিয়েরা লিওন উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ১৯*

**০৩. নিম্নের কোন পত্রিকারটির প্রকাশনা উপলক্ষ্যে রবীন্দ্রনাথ ঠাকুর আশীর্বাণী পাঠিয়েছিলেন?**

ক. সবুজপত্র খ. শনিবারের চিঠি

গ. কল্লোল ঘ. ধূমকেতু উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৫*

**০৪. কোনটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়?**

ক. ব্যথার দান খ. দোলনচাঁপা

গ. শিউলি মালা ঘ. সোনার তরী উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৭, ৪৮১, ৪৬১ 'সোনার তরী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ।*

### মানসিক দক্ষতা অংশ থেকে

**০৫. নিম্নের কোন গুচ্ছের শব্দগুলো বর্ণনানুক্রমিকভাবে সাজানো রয়েছে?**

ক. নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়, নিষ্ক্রিয়, নিসর্গ

খ. নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ

গ. নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়

ঘ. নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিরাময়

উত্তর: খ

## বাংলা থেকে আসা প্রশ্নোত্তর

**০৬. ধ্বনি পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয় -এর দৃষ্টান্ত?**

ক. রতন খ. কবাট

গ. পিচাশ ঘ. মুলুক উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬৪*

**০৭. নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?**

ক. বহ্নি খ. আবীর

গ. বায়ুসখা ঘ. বৈশ্বানর উত্তর: খ

*ব্যাখ্যা: ATM পৃষ্ঠা ১৪১; ফাগ, একপ্রকার রক্তবর্ণ চূর্ণ বিশেষ যাহা হোলি বা বসন্তোৎসবে পরস্পরকে রঞ্জিত করিবার জন্য ব্যবহার করা হয়।*

**০৮. 'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।' - এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত?**

ক. অপহ্নুতি খ. যমক

গ. অর্থোন্নতি ঘ. অভিযোজন উত্তর: ক

*ব্যাখ্যা: উপমেয়কে গোপন বা অস্বীকার করে উপমানকে প্রাধান্য দিয়ে প্রতিষ্ঠা করলে অপহ্নুতি অলঙ্কার হয় । গোপন বা অস্বীকার কথার অর্থ অপহ্নব করা ।*

*তারাই আজ নিঃস্ব দেশে কাঁদছে হয়ে অন্নহারা, দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা। উপমেয় নদীর ধারাকে নিষিদ্ধ করে উপমান অশ্রুধারাকে প্রতিষ্ঠা করা হয়েছে*

**০৯. 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?**

ক. অব্যয়ীভাব খ. দ্বিগু

গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ১৫৬*

**১০. 'মৃত্তিকা দিয়ে তৈরি' - কথাটি সংকোচন করলে হবে-**

ক. তন্ময় খ. মন্ময়

গ. মৃন্ময় ঘ. চিন্ময় উত্তর: গ

*ব্যাখ্যা: ATM পৃষ্ঠা ২৩২*

**১১. 'অর্ধচন্দ্র' কথাটির অর্থ-**

ক. অমাবশ্যা খ. গলাধাক্কা দেয়া

গ. কাছে টানা ঘ. কাস্তে উত্তর: খ

*ব্যাখ্যা: ATM পৃষ্ঠা ৫*

অভিযাত্রী জব সংস্করণ জানুয়ারি ২০২২ ATM জানুয়ারি ২০২২ সংস্করণ পাওয়া যাচ্ছে

**১২. 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?**

ক. পর্তুগিজ খ. হিন্দি

গ. গুজরাটি ঘ. ফরাসি উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৯২*

**১৩. নিচের কোনটি 'জিগীষা'র সম্প্রসারিত প্রকাশ?**

ক. জানিবার ইচ্ছা খ. জয় করিবার ইচ্ছা

গ. হনন করিবার ইচ্ছা ঘ. যুদ্ধ করিবার ইচ্ছা উত্তর: খ

*ব্যাখ্যা: ATM পৃষ্ঠা ২২০*

**১৪. নিচের কোনটি তৎসম শব্দ?**

ক. পছন্দ খ. হিসাব

গ. ধূলি ঘ. শৌখিন উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬৮ (ধূলিসাৎ) ; পছন্দ - ফারসি, হিসাব - আরবি, শৌখিন - আরবি।*

**১৫. নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?**

ক. কহ্ খ. কথ্

গ. বুধ্ ঘ. গঠ্ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ১৬৮; কথ্, গঠ্, বুধ্ - সংস্কৃত ধাতু*

**১৬. ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল -**

ক. বর্ণবাদের পুনরুত্থান খ. রাষ্ট্রবিপ্লব

গ. চিন্তাবিপ্লব ঘ. অভিবাসন বিপ্লব উত্তর: গ

**১৭. শুদ্ধ বানান কোনটি?**

ক. মুমুর্ষ খ. মূমুর্ষ

গ. মুমূর্ষু ঘ. মূমূর্ষু উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৭৮*

**১৮. 'ইতরবিশেষ' বলতে বুঝায় -**

ক. দুর্বৃত্ত খ. চালাকি

গ. পার্থক্য ঘ. অপদার্থ উত্তর: গ

*ব্যাখ্যা: ATM পৃষ্ঠা ১০*

**১৯. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?**

ক. গো + অক্ষ = গবাক্ষ খ. পৌ + অক = পাবক

গ. বি + অঙ্গ = বঙ্গ ঘ. যতি + ইন্দ্র = যতীন্দ্র

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৭২* উত্তর: ক

**২০. নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?**

ক. আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।

খ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত।

গ. তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।

ঘ. সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম। উত্তর: গ

**২১. নিচের কোনটি যৌগিক বাক্য?**

ক. দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।

খ. তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।

গ. মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।

ঘ. ছেলেটি চঞ্চল তবে মেধাবী। উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৫১তে ব্যাখ্যা; ২৫৪ (বাক্যটি হুবহু নাই); ক, খ এবং গ - সরল বাক্য।*

**২২. 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?**

ক. জগন্নাথ খ. বিষ্ণু

গ. প্রজাপতি ঘ. শিব উত্তর: ঘ

**২৩. 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?**

ক. নেপালের রাজদরবার থেকে খ. গোয়ালঘর থেকে

গ. পাঠশালা থেকে ঘ. কান্তজীর মন্দির থেকে

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১৭* উত্তর: খ

**২৪. বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?**

ক. মারাঠি খ. হিন্দি

গ. মৈথিলি ঘ. গুজরাটি উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১৯*

**২৫. 'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?**

ক. কৃষ্ণকান্তের উইল খ. দুর্গেশনন্দিনী

গ. মৃণালিনী ঘ. বিষবৃক্ষ উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫০৬*

**২৬. 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?**

ক. খেয়া খ. মানসী

গ. কল্পনা ঘ. সোনার তরী উত্তর: খ

**২৭. "অভীক" রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?**

ক. নষ্টনীড় খ. নামমঞ্জুর গল্প

গ. রবিবার ঘ. ল্যাবরেটরি উত্তর: গ

**২৮. 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে'। - কার রচিত পঙ্ক্তি?**

ক. রজনীকান্ত সেন খ. ইসমাইল হোসেন সিরাজী

গ. কামিনী রায় ঘ. দ্বিজেন্দ্রলাল রায় উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৬*

অভিযাত্রী জব সংস্করণ জানুয়ারি ২০২২ ATM জানুয়ারি ২০২২ সংস্করণ পাওয়া যাচ্ছে

**২৯. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।' -এই মনোবাঞ্ছাটি কার?**

ক. ভবানন্দের খ. ভাঁড়ুদত্তের
গ. ঈশ্বরী পাটুনীর ঘ. ফুল্লরার উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৫*

**৩০. নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?**

ক. কাজী আবদুল ওদুদ খ. এস ওয়াজেদ আলি
গ. আবুল ফজল ঘ. আবদুল কাদির উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫৩*

**৩১. নিচের কোন কাব্য কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্য ভাবনার ধারক?**

ক. বিষের বাঁশী খ. অগ্নি-বীণা
গ. সিন্ধু-হিন্দোল ঘ. চক্রবাক উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৭*

**৩২. নিচের কোনটি বিশ শতকের পত্রিকা?**

ক. শনিবারের চিঠি খ. বঙ্গদর্শন
গ. তত্ত্ববোধিনী ঘ. সংবাদ প্রভাকর উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫৪*

**৩৩. নিচের কোনটি উপন্যাস নয়?**

ক. দিবারাত্রীর কাব্য খ. শেষের কবিতা
গ. পল্লী-সমাজ ঘ. কবিতার কথা উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৬; কবি জীবনানন্দ দাশ রচিত 'কবিতার কথা' একটি প্রবন্ধ গ্রন্থ। কবিতার কথা গ্রন্থটি প্রকাশিত হয়েছিল তাঁর মৃত্যুর পর ১৯৫৬ খ্রিস্টাব্দে। ৩৬তম বিসিএস প্রশ্ন*

**৩৪. "বাঙালী ও বাংলা সাহিত্য" গ্রন্থ কে রচনা করেছেন?**

ক. দীনেশচন্দ্র সেন খ. গোপাল হালদার
গ. আহমদ শরীফ ঘ. সুকুমার সেন উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭৯*

**৩৫. 'খোকা' ও 'রঞ্জু' মাহমুদুল হক-এর কোন উপন্যাসের চরিত্র?**

ক. কালো বরফ খ. খেলাঘর
গ.অনুর পাঠশালা ঘ. জীবন আমার বোন উত্তর: ঘ

**৩৬. সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি?**

ক. কবর খ. বহিপীর
গ. পায়ের আওয়াজ পাওয়া যায় ঘ. ওরা কদম আলী

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৩৯* উত্তর: খ

**৩৭. মীর মশাররফ হোসেনের 'বিষাদসিন্ধু' একটি**

ক. মহাকাব্য খ. ইতিহাস গ্রন্থ
গ. উপন্যাস ঘ. ইতিহাস আশ্রিত জীবনী গ্রন্থ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫১০ ৩৬তম বিসিএস প্রশ্ন; ইতিহাস আশ্রিত উপন্যাস হলে 'ঘ' উত্তর হতো।* উত্তর: গ

**৩৮. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক-শিক্ষকের নাম -**

ক. আব্দুল কাদের খ. খতিব মিয়া
গ. আক্কাস আলী ঘ. আরেফ আলী উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৩৯*

**৩৯. 'মরণ রে তুঁহু মম শ্যাম সমান।' - পঙ্‌ক্তিটির রচয়িতা -**

ক. বিদ্যাপতি খ. গোবিন্দদাস
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কৃষ্ণদাস কবিরাজ উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৯*

**৪০. 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম?**

ক. সৈয়দ মুজতবা আলী খ. কাজী আবদুল ওদুদ
গ. নজিবর রহমান ঘ. রোকেয়া সাখাওয়াৎ হোসেন

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬০* উত্তর: গ

***৪৪তম বিসিএস প্রিলিমিনারি ২০২২ উত্তরগুলো অভিযাত্রী বিসিএস সংস্করণ জানুয়ারি ২০২২ এবং ATM (এক টানা মুখস্থ) এর জানুয়ারি ২০২২ সংস্করণ থেকে সংগৃহীত। অভিযাত্রী এবং ATM পাওয়া যাচ্ছে অনলাইনে এবং সকল লাইব্রেরিতে। সামনে ৪৫তম বিসিএসসহ আরো অনেক পরীক্ষা আছে। প্রতি পরীক্ষার প্রশ্নগুলো নিয়মিত নজরে রাখবেন। নিয়মিত পড়া-শোনার কোন বিকল্প নেই।***

অভিযাত্রী জব সংস্করণ জানুয়ারি ২০২২ ATM জানুয়ারি ২০২২ সংস্করণ পাওয়া যাচ্ছে